The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 830 | 9 August 2024 | শুক্রবার ২৫ শ্রাবণ ১৪৩১


Kamala Harris boosts lead over Donald Trump in NY >> Page 24


Median sales price of new developments in Queens decreased >> Page 25


'Hasina likely to stay in India until UK grants asylum' >> Page 24


Rep. Hakeem Jeffries calls NYC congestion pricing pause 'reasonable' >> Page 25

# ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকারের যাত্রা শুরু

মাসুদ করিম, *ঢাকা থেকে*

শান্তিতে নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশে অর্ন্তবর্তী সরকারের যাত্রা শুরু হয়েছে। ছাত্র-জনতার অভ্যূত্থানের মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতনের পর ১৭ সদস্যের নতুন এই সরকার গঠিত হলো। বঙ্গভবনের দরবার হলে বিশিষ্ট অতিথিদের উপস্থিতিতে সরকারের প্রধান ড. ইউনূসসহ ১৩ জন উপদেষ্টা শপথ গ্রহণ করেন। তিনজন ঢাকার বাইরে থাকায় এদিন শপথ নিতে পারেননি। প্যারিসে অলিম্পিকের ইভেন্টে যোগদান শেষে বৃহস্পতিবার দুপুরে ঢাকায় পৌঁছালে ড. ইউনূসকে সাড়ম্বরে অভ্যর্থনা জানানো হয়। তিন বাহিনীর প্রধান এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ড. ইউনূসকে স্বাগত জানান। সেখানে এক সংক্ষিপ্ত বক্তব্যে তিনি দেশে স্থিতিশীলতা প্রতিষ্ঠার আহ্বান জানান। এক পর্যায়ে তিনি ছাত্র আন্দোলনে পুলিশের গুলিতে নিহত রংপুরের ছাত্র আবু সাঈদের কথা স্মরণ করে *এরপর ২৬ পৃষ্ঠায়*





ভারতীয় পর্যবেক্ষকদের অভিমত

## এই সময় ড. ইউনূসই গ্রহণযোগ্য

আজকাল রিপোর্ট

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান হলেন নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস। খুব স্বাভাবিকভাবেই তার নিয়োগ নিয়ে প্রতিবেশী ভারত কি ভাবছে তা নিয়ে রয়েছে নানা জল্পনাকল্পনা। ডয়েচে ভেলে'র এক প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের সাবেক কূটনীতিক, নিরাপত্তা বিশেষজ্ঞ, বাংলাদেশ বিশেষজ্ঞরা মনে করেন, ড. ইউনূসই সবচেয়ে গ্রহণযোগ্য *এরপর ১৬ পৃষ্ঠায়*

অন্তর্বর্তী সরকার নিয়ে প্রবাসীদের ভাবনা

## দুঃশাসনের কবর হয়েছে : নব উদ্যমে এগিয়ে যাবে দেশ

আজকাল রিপোর্ট







ছাত্র জনতার গনঅভ্যূত্থানের মধ্য দিয়ে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীঘ সরকারের পতন ঘটেছে। গতকাল বৃহস্পতিবার ড. ইউনুসের নেতৃত্বে গঠিত হয়েছে ১৭ সদস্যের একটি অন্তর্বর্তীকালীন সরকার। এদিকে ৫ আগষ্ট সরকারের পতনের পর থেকে দেশে যে ব্যাপক বিশৃংখলা সৃষ্টি হয়েছে নতুন সরকার সে পরিস্থিতি সামাল দিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাবে বলে জনগণের প্রত্যাশা। নতুন সরকারের কাছে প্রত্যাশা ও বাংলাদেশের পরিস্থিতি নিয়ে 'আজকাল' নিউইয়র্কের বিশিষ্ট কমিউনিটি নেতৃবৃন্দের মুখোমুখি হয়েছিল। এদের মধ্যে ছিলেন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান, বিএনপি নেতা গিয়াস আহমেদ, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি নার্গিস আহমদ, *এরপর ১৬ পৃষ্ঠায়*

পুতুলের আর্তি

## মাকে জড়িয়ে ধরতে পারছি না

আজকাল রিপোর্ট



শেখ হাসিনার সঙ্গে তার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের এখনও দেখা হয় নি। বৃহস্পতিবার ৮ আগষ্ট সকালে শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের এক্স হ্যান্ডলে করা একটি পোস্ট *এরপর ১৬ পৃষ্ঠায়*

মন্তব্য প্রতিবেদন

## পরিবর্তিত বাংলাদেশ আশা ও উদ্বেগ



হাসান ফেরদৌস

রাতারাতি বদলে গেছে বাংলাদেশ। স্বৈরাচার হিসাবে জনতার রোষে যাকে দেশ ছেড়ে পালাতে হল, এক মাস আগেও তার পরিবর্তন সম্ভব, এমন ভাবনা আমাদের মাথায় *এরপর ২৬ পৃষ্ঠায়*

## হাসিনার পতনে নিউইয়র্কে আনন্দ উল্লাস

আজকাল রিপোর্ট



'ঢাকা মার্চ'-এর দিন গত ৫ আগস্ট কারফিউ ভেঙ্গে বিক্ষোব্ধ শিক্ষার্থীরা গণভবন ঘিরে ফেলতে যাচ্ছে এমন সংবাদ সেনাবাহিনীর পক্ষ থেকে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানানো হয় এবং তাকে ৪৫ মিনিট সময় দেওয়া হয় দেশত্যাগ করার জন্য। তারপরই শিক্ষার্থীদের আন্দোলনে উত্তাল মুহূর্তে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৫ আগস্ট পদত্যাগ করে বিমানবাহিনীর হেলিকপ্টারে করে চলে যান ভারতের আগরতলায়। সেখান থেকে দিল্লীতে যান তিনি। শেখ হাসিনা ক্ষমতা ছেড়ে দেশত্যাগ করে ভারতে আশ্রয় নিয়েছেন এই খবর দ্রুত ভাইরাল হয়ে যায় সারা বিশ্বে। নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটিতে শেখ হাসিনার পতনের খবরে সাধারণ মানুষ রাস্তায় নেমে আসেন উল্লাস করে। বাঙালিদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটস এবং জ্যামাইকা হিলসাইডে আনন্দ উল্লাস, মিষ্টি ও পিঠা বিতরণ করতে দেখা যায় অনেককে। কোলাকুলি আর উল্লাস ধ্বনিতে তারা *এরপর ৪২ পৃষ্ঠায়*

আজকাল-এর সঙ্গে ড. সালেহ উদ্দিন আহমেদ

## ব্যাংকিং খাতে অনিয়মকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে



হাসান মাহমুদ

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের নবনিযুক্ত উপদেষ্টা, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ড. সালেহ উদ্দিন আহমেদ বলেছেন, বাংলাদেশে ব্যাংকিং *এরপর ১৬ পৃষ্ঠায়*

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312033

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St. Suite#1D. Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার



- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

আমরা নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

**বিস্তারিত জানতে কল করুন**

**718-697-7717**

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester

504 W Main St
Rochester, NY 14608

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

Queens Social Adult Day Care Center Inc



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার


### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

# শেখ হাসিনার বিদায়, জনতার জয়

আবু সাঈদ খান

ক্ষমতা স্থায়ী নয়। জোর করে ক্ষমতায় আসা যায়, অনেক দিন থাকাও যায়। কিন্তু এক সময় বিদায় অনিবার্য হয়। জনগণের কাছে প্রত্যাখ্যাত হতে হয়। শেখ হাসিনার করুণ বিদায়ের মধ্য দিয়ে তা আরেকবার প্রমাণ হলো।


বিদায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু যখন সপরিবারে নিহত হলেন, তখন তিনি ও তাঁর ছোট বোন শেখ রেহানা বিদেশে ছিলেন। তাই প্রাণে বেঁচে গিয়েছেন। প্রতিকূল পরিবেশে ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সহৃদয়তায় সেখানে আশ্রয় পেয়েছিলেন। ১৯৮১ সালে সেখান থেকে দেশে ফিরলেন। সেদিন বাংলার মানুষের মধ্যে সে কী উচ্ছ্বাস! আমি তখন আওয়ামী লীগের কেউ না। আওয়ামী লীগের রাজনীতি থেকে আমার যোজন যোজন দূরত্ব। তার পরও আমি শেরেবাংলা নগরে অনুষ্ঠিত শেখ হাসিনার সংবর্ধনা সভায় গিয়েছিলাম। তাঁর কথা ও কান্না আমাকেও স্পর্শ করেছিল। তখন আমার মনে হয়েছিল, শেখ হাসিনা বাংলার মানুষের হৃদয়ে ঠাঁই পাবেন। এমন কথা আওয়ামী লীগের অনেক কট্টর সমালোচকের মুখেও শুনেছি।

বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে তিনি ধ্রুবতারা হয়ে জ্বলে উঠলেন। তিনি ছিলেন স্বৈরাচারী এরশাদবিরোধী আন্দোলনের অন্যতম নায়ক এবং ১৯৯৬ সালে তত্ত্বাবধায়ক সরকার প্রবর্তনের অন্যতম রূপকার। বহু চড়াই-উতরাই পেরিয়ে আওয়ামী লীগের ক্ষমতা হারানোর ২১ বছর পর ১৯৯৬ সালে সরকার গঠন করলেন। সেই সরকার জাতিকে এক বিরল সুশাসন উপহার দিল।

২০০১ সালে ক্ষমতায় আসতে পারল না। খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি ক্ষমতাসীন হয়। বিএনপিও ১৯৯১-৯৬ সালের শাসনের ধারাবাহিকতা রক্ষা করতে পারল না। শুরু হলো লুটপাটের রাজনীতি, দলীয় ক্যাডারদের দৌরাত্ম্য, ক্ষমতা ধরে রাখার নানা অপকৌশল। এর বিরুদ্ধে শেখ হাসিনার আওয়ামী লীগ সোচ্চার ছিল। সোচ্চার ছিল অন্যান্য দলও। সে যাই হোক, ১/১১ এর প্রেক্ষাপটে ২০০৮ সালে আওয়ামী লীগ আবার বিপুল ভোটের ব্যবধানে জয়ী হয়ে ক্ষমতায় এলো। দুর্ভাগ্যজনক হলেও সত্য, বিএনপির শাসনের চেয়ে জোরেশোরে লুটপাট-দুর্নীতি শুরু হলো; নেতাকর্মীর দৌরাত্ম্য বাড়ল; আমলা-পুলিশও চাটুকারিতায় নিয়োজিত হলো। ক্ষমতাসীনদের ঘিরে সুবিধাভোগী গোষ্ঠী তৈরি হলো। সবচেয়ে কষ্টকর, সব অপকর্ম শুরু হলো মুক্তিযুদ্ধের চেতনার নামে। মুক্তিযুদ্ধের ইতিহাসও বিকৃত করা হলো।

এক দল চাটুকার শেখ হাসিনার গুণকীর্তনে মগ্ন হলেন। তাঁকে বলতে শুরু করলেন, আপনি বিশ্বনেত্রী। আপনার মতো নেত্রী আর কোথাও নেই। নোবেল পুরস্কার আপনারই প্রাপ্য।

এভাবেই একদা জননেত্রী শেখ হাসিনার জনবিচ্ছিন্নতা বাড়তে লাগল। যে গণতান্ত্রিক অধিকারের জন্য ২১ বছর লড়লেন; জান বাজি লড়াই করে তত্ত্বাবধায়ক সরকারের বিধান কায়েম করলেন; তা পরিহার করে ২০১৪ সালে বিরোধী দলকে মাঠের বাইরে রেখে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ক্ষমতায় গেলেন। ২০১৮ সালে দিনের ভোট রাতে দিয়ে জয়ী হলেন। ২০২৪ সালে আওয়ামী লীগ বনাম আওয়ামী লীগের স্বতন্ত্রের মধ্যে অনুষ্ঠিত ভোটখেলায় আরেক মেয়াদে ক্ষমতাসীন হলেন।



এটি সত্য যে, টানা ১৬ বছরের শাসনে অবকাঠামোগত উন্নয়ন হয়েছে; পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, মেট্রোরেলসহ নানা স্থাপনা নির্মিত হয়েছে। তা ছাপিয়ে উঠেছে মন্ত্রী-এমপিদের বিত্তবৈভবের প্রতিযোগিতা; বেনজীর-মতিউরদের লুটপাটের কেচ্ছাকাহিনি। স্বয়ং প্রধানমন্ত্রী বলেছেন, তাঁর একজন পিয়ন ৪০০ কোটি টাকার মালিক। কিন্তু আমজনতার আয় বাড়েনি, ব্যয় বেড়েছে। আয়-ব্যয়ের হিসাব মিলছে না। দ্রব্যমূল্যের পাগলা ঘোড়ার সঙ্গে পাল্লা দিতে পারছে না সাধারণ মানুষ। একদা এমপি-মন্ত্রীরা জনগণের কাছে আসতেন, তাদের কথা শুনতেন। জনগণ বলতে পারতেন, জিনিসপত্রের দাম না কমলে, ছেলেমেয়েদের চাকরি না হলে ভোটের বাক্সে জবাব দেব। শেখ হাসিনার শাসনামলে সে সুযোগ তিরোহিত হয়। নেতারা বলতেন নৌকা মার্কা পেলেই চলবে, ভোট লাগবে না। ভোটে জিততে ভোটার লাগে না, দরকার ক্যাডার আর আমলা-পুলিশের।

তাই ভোট দিতে না পারার যন্ত্রণা, দ্রব্যমূল্য বৃদ্ধি, মুদ্রাস্ফীতি, বেকারত্ব, লুটপাট, দুর্নীতি, কর্তৃত্ববাদী শাসনের ফলে জনমনে যে ক্ষোভ জমাট বেঁধেছিল, তা আছড়ে পড়েছিল শিক্ষার্থীদের আন্দোলনে। তারা বিস্মৃত হয়েছিলেন, অবকাঠামোগত উন্নয়নই কেবল উন্নয়ন নয়; জনগণের জীবনমানের উন্নয়নই আসল কথা। এ প্রসঙ্গে পাকিস্তান আমলের আইয়ুবের শাসনের কথা উল্লেখ করা যায়। প্রেসিডেন্ট ফিল্ড মার্শাল আইয়ুব খান ১০ বছর ক্ষমতায় ছিলেন। তাঁর শাসন আমলেই রাস্তাঘাটসহ ব্যাপক অবকাঠামোগত উন্নয়ন হয়েছিল। শহর ও গ্রামে, রাজনীতিক ও আমলাদের মধ্যে একটি সুবিধাভোগী গোষ্ঠী জন্ম নিয়েছিল। তারাই ছিল আইয়ুবের তল্পিবাহক। ১৯৬৮ সালে ঘটা করে উন্নয়ন দশক পালন করেছিল। সাধারণ মানুষের গায়ে উন্নয়নের ছোঁয়া লাগেনি। তাদের কষ্টবোধ ছিল, ভোটাধিকার কেড়ে নিয়েছিল, কেবল বিডি মেম্বাররাই ছিল ভোটের মালিক। জনগণ উপহাস করে বলত,

এরপর ৩৮ পৃষ্ঠায়




প্রমাণিত হলো দেশের মালিক জনগণ। জনগণের শক্তিই বড় শক্তি। শেখ হাসিনার বিদায়, জনতার জয়। এখন যে অন্তর্বর্তীকালীন সরকার আসছে, তাদের সামনে বিরাট চ্যালেঞ্জ। মুক্তিযুদ্ধের চেতনা আজ ভূলুণ্ঠিত। একাত্তরের চেতনায় বৈষম্যহীন বাংলাদেশ আমরা গড়তে পারিনি। নব্বইয়ের গণঅভ্যুত্থানের স্বপ্ন আমরা বাস্তবায়ন করতে পারিনি। গণতান্ত্রিক বিধিব্যবস্থা কায়েম করা যায়নি। ফিরিয়ে আনা সম্ভব হয়নি সুশাসন। আমরা কি ২৪ সালের গণঅভ্যুত্থানের পর সেই বাংলা ফিরে পাব, যেখানে সবাই মেধা ও যোগ্যতায় চাকরি পাবে, অর্থনীতিতে সাম্য আসবে? যে শ্রম ও কর্মজীবী মানুষ শিক্ষার্থীদের পাশে থেকে এই আন্দোলনে অংশ নিয়েছিলেন, তাদের জীবনে কি শান্তি ও স্বস্তি ফিরে আসবে?

# ভবিষ্যতে কর্তৃত্ববাদ ঠেকানোর জন্য সংস্কার জরুরি

তাসনীম সিদ্দিকী

বিশ্বজনবিদিত নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান হওয়ার দায়িত্ব গ্রহণে সম্মত হয়েছেন। সেনাপ্রধানও বিষয়টি ঘোষণা দিয়েছেন। আমরা আশা করব, তিনি শুধু অর্থনীতিবিদদের সঙ্গে নয়, রাষ্ট্রবিজ্ঞানীদের সঙ্গে কথা বলে রাজনৈতিক ব্যবস্থায় এমন কিছু মৌলিক পরিবর্তন আনবেন, যাতে ভবিষ্যতে ক্ষমতা আর কেন্দ্রীভূত করা না যায়। এ জন্য সর্বাগ্রে প্রয়োজন সংবিধান নিয়ে রাষ্ট্রবিজ্ঞানী ও আইনের শিক্ষকদের সঙ্গে বসা। ওপরে উপস্থাপিত অনেক প্রস্তাবনা বাস্তবায়নে সংবিধান পরিবর্তনের প্রয়োজন পড়বে। আমি আশাবাদী যে অধ্যাপক ইউনূসের অন্তর্বর্তীকালীন সরকার আগামী নির্বাচনের আগে অংশগ্রহণকারী দলগুলোর কাছ থেকে এই পরিবর্তনগুলো সাধনের অঙ্গীকার নির্বাচনী ইশতেহারের মাধ্যমে গ্রহণ করতে পারবে

স্বাধীনতার পর থেকে দেশের জনগণ বারবার অভিজ্ঞতা অর্জন করেছে গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচিত সরকারগুলোর কর্তৃত্ববাদী রূপান্তর। নব্বই ও চব্বিশে ছাত্র-জনতা জীবন দিয়ে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করতে সচেষ্ট হয়েছে।



রাজনৈতিক দলগুলোকে দায়বদ্ধ রাখতে উদ্ভাবন করেছে অন্তর্বর্তীকালীন ও তত্ত্বাবধায়ক সরকারের মতো নির্বাচনী ব্যবস্থাপনা। কিন্তু দুঃখের বিষয় হলো, রাজনৈতিক দলগুলো প্রতিবার ক্ষমতায় এসে সংবিধান বদলে অথবা লঙ্ঘন করে সারা জীবন ক্ষমতায় থাকার ব্যবস্থা পাকাপোক্ত করতে চেয়েছে।

তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন করে ২০০৮ সালে আওয়ামী লীগ ক্ষমতায় এসে বিচার বিভাগীয় সিদ্ধান্তের বাস্তবায়নের নামে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করে সংসদে আইন পাস করে। পরবর্তী সময়ে রাজনৈতিক সরকারের অধীনে তিন-তিনটি একতরফা নির্বাচন করে প্রায় ১৬ বছর ক্ষমতায় টিকে থাকে।

এবারের গণতন্ত্র পুনঃ প্রতিষ্ঠার সংগ্রামে প্রাণ দিতে হয়েছে সাড়ে তিন শর বেশি ছাত্র-জনতার। পঙ্গুত্ব ও অন্ধত্ববরণ করেছে হাজার হাজার তরুণ-তরুণী। প্রাণনাশের তালিকা থেকে বাদ যায়নি শিশুও।

এবার আমরা যদি আগের সরকারগুলোর ক্ষমতা কুক্ষিগতকরণ কার্যক্রমের পুনরাবৃত্তি না চাই, তবে শাসনব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। রাজনৈতিক দলগুলোর ক্ষমতায় এসে স্বৈরাচারী রূপান্তর ঠেকাতে হলে বেশ কিছু মৌলিক পরিবর্তন প্রয়োজন, যার অনেকগুলো আনতে হবে এখনই। এখানে পরিবর্তনের জন্য বেশ কিছু ইস্যু আমি উল্লেখ করেছি, তবে এগুলোই সব নয়।

১. বর্তমানে বাংলাদেশের সংবিধানটি মোটামুটিভাবে সুপরিবর্তনীয়, যার ফলে ক্ষমতাসীন দল খুব সহজে সংবিধান পরিবর্তন করে ফেলতে পারে। যুক্তরাষ্ট্রের মতো বাংলাদেশের সংবিধানটিকেও দুষ্পরিবর্তনীয় করতে হবে।

২. বাংলাদেশ একটি বৃহৎ জনগোষ্ঠীর দেশ। এ দেশে দুই কক্ষবিশিষ্ট আইনসভা এখন সময়ের দাবি। একটি কক্ষ হতে হবে পেশাভিত্তিক প্রতিনিধিত্বের ভিত্তিতে নির্বাচিত এবং আরেকটি জনপ্রতিনিধিত্বের ভিত্তিতে নির্বাচিত। জনপ্রতিনিধিত্বের ভিত্তিতে নির্বাচিত কক্ষে ব্যবসায়িক সম্প্রদায়ের মনোনয়ন লাভের নির্দিষ্ট অনুপাত নির্ধারণ করে দেওয়া প্রয়োজন। পেশাভিত্তিক কক্ষে কৃষক, শ্রমিক, অভিবাসী কর্মীসহ ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, সামাজিক বিজ্ঞান গবেষক এবং বৈজ্ঞানিক সবার নির্ধারিত সংখ্যক প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে। সংবিধান সংশোধনের মতো গুরুত্বপূর্ণ বিষয় সংসদের দুটো কক্ষেই পাস হতে হবে।

৩. অনুচ্ছেদ ৭০ সংস্কার করে গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে ফ্লোর ক্রস করার সুযোগ ফেরত আনা। নতুন নেতৃত্বের বিকাশে এটি খুবই প্রয়োজনীয়।

৪. প্রধান বিরোধী দলের ছায়া মন্ত্রিসভা থাকা বাধ্যতামূলক করা এবং এ জন্য নির্দিষ্ট রাষ্ট্রীয় বাজেট বরাদ্দ রাখা।

৫. মনোনয়ন-বাণিজ্য বন্ধ করতে মাঠপর্যায় থেকে নেতৃত্ব তুলে আনার একটি নির্ধারিত রূপরেখা তৈরি করে তা মানতে অংশগ্রহণকারী রাজনৈতিক দলগুলোকে বাধ্য করা।

৬. সংসদে নারী প্রতিনিধিদের সংরক্ষিত আসন বাতিল করে প্রতিটি রাজনৈতিক দলকে সাধারণ নির্বাচনে ৩০ শতাংশ আসনে নারী প্রার্থী মনোনয়ন প্রদানকে বাধ্যতামূলক করা। একই সঙ্গে সাধারণ সিটগুলো নারীদের নির্বাচনী প্রতিযোগিতার জন্য উন্মুক্ত রাখা।

৭. পরিবারতন্ত্র বন্ধ করার লক্ষ্যে এবং নতুন নেতৃত্ব সৃষ্টিকে উৎসাহিত করতে, কোনো নেতার অধীনে দল পরাজিত হলে তাঁকে নেমে দাঁড়িয়ে নতুন নেতৃত্বকে জায়গা করে দেওয়া অথবা যেকোনো নেতা পার্লামেন্টে দুবারের বেশি নেতৃত্ব দিতে পারবেন না–এই নিয়ম চালু করা।

৮. পার্লামেন্টারি কমিটিগুলোকে কার্যকর করা এবং বিরোধী দল থেকে পার্লামেন্টারি কমিটির চেয়ার নিযুক্ত করা।

৯. সংবিধানের ৭৭ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ন্যায়পাল নিয়োগ করা।

১০. আমলাতন্ত্রে ক্ষমতার সার্বিক বিকেন্দ্রীকরণের রূপরেখা প্রণয়ন করা। শহরগুলো পরিচালনায় নগরপিতাদের কার্যপরিধি পুনর্নির্ধারণ করা এবং সে অনুযায়ী বাজেট বরাদ্দ রাখা।

১১. আমলাতন্ত্রে নিয়োগের ব্যবস্থাকে সম্পূর্ণভাবে নৈর্ব্যক্তিক করা। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার মতো নিয়োগ পরীক্ষা গ্রহণের সিস্টেমটিকে যথাসম্ভব প্রযুক্তিনির্ভর করে ফেলা। শুধু ফলাফলের ভিত্তিতে নিয়োগ দান, অর্থাৎ সাক্ষাৎকার গ্রহণের বর্তমান ব্যবস্থা বাতিল করা।

১২. স্থানীয় সরকারকে শক্তিশালী করার লক্ষ্যে আইনপ্রণেতাদের কাজ শুধু আইন প্রণয়নের মধ্যেই সীমিত রাখা। নির্বাহী ও উন্নয়ন কার্যক্রমে তাঁদের অংশগ্রহণ নিষিদ্ধ করা।

১৩. বাংলাদেশের মতো একটি স্বল্প আয়ের দেশে আইনপ্রণেতাদের পেছনে যে বিশাল অর্থ-সম্পদ ব্যয় করা হয়, তা কমিয়ে আনা। বিলাসবহুল সুযোগ-সুবিধা যেমন ট্যাক্সবিহীন গাড়ি ক্রয় ইত্যাদি সুযোগ রহিত করা। এলাকার খরচের জন্য যে অর্থ প্রদান করা হয়, তা বন্ধ করা।

বিশ্বজনবিদিত নোবেল বিজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান হওয়ার দায়িত্ব গ্রহণে সম্মত হয়েছেন। সেনাপ্রধানও বিষয়টি ঘোষণা দিয়েছেন।

আমরা আশা করব, তিনি শুধু অর্থনীতিবিদদের সঙ্গে নয়, রাষ্ট্রবিজ্ঞানীদের সঙ্গে কথা বলে


এরপর ৪৯ পৃষ্ঠায়



# কর্তৃত্ববাদী সরকারের বিদায় ও মানুষের প্রত্যাশা

> যত তাড়াতাড়ি সম্ভব সকল দলের অংশ গ্রহণের মাধ্যমে একটি অবাধ সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গঠিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। সকল দুর্নীতিবাজ, মাফিয়া শিল্পগোষ্ঠী, কালো টাকার মালিক, বিদেশে টাকা পাচারকারী, সরকারি সম্পত্তি আত্মসাতকারীদের গ্রেফতার ও বিচারের আওতায় আনতে হবে। ইতোমধ্যেই ক্রিমিনালদের পালানো শুরু হয়ে গেছে। এ জাতি বারবার রক্ত দিয়ে ধোঁকা খেয়েছে। এবার যেন তা না হয় সেদিকে নজর রাখতে হবে। এবং আগামী দিনের সরকারের নেতৃত্বেই হবে গত পনেরো বছর সহ স্বাধীনতার পর থেকে সাংবিধানিক, প্রশাসনিক, সামাজিক, রাষ্টীয় সকল জঞ্জাল পরিষ্কারের কাজ। নতুন প্রজন্মের আন্দোলনের ফসল হিসাবে তাদের মতামতের ভিত্তিতে গড়ে তুলতে হবে আবাসযোগ্য সকলের কাঙ্খিত সোনার বাংলাদেশ

শাহাব উদ্দীন



৫ আগস্ট সোমবার বাংলাদেশের ইতিহাসের একটি স্মরনীয় দিন। পৃথিবীর বিভিন্ন স্বৈর শাসকদের পরিণতি দেখেও ইতিহাস থেকে শিক্ষা না নেওয়ায় স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময়ে সরকারের পতন এভাবেই হচ্ছে। প্রায় ষোল বছর মানুষের মতামতকে তোয়াক্কা না করে জোর জবরদস্তিভাবে ক্ষমতায় ছিলেন শেখ হাসিনা সরকার। গন অভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনার পদত্যাগে ভারত উপমহাদেশের পঁচাত্তর বছরের পুরনো দল আওয়ামী লীগ সরকারের পতন ঘটে।

২০০৯ সালে তত্ত্বাবধাক সরকারের অধীনে নির্বাচিত হওয়ার পর শেখ হাসিনা সরকার গঠন করেন। তারপর থেকেই তিনি ক্ষমতা কুক্ষিগত করে রাখার হীন প্রচেষ্টায় লিপ্ত হন। প্রথমেই পিলখানায় সেনা বিদ্রোহের নামে ৫৭ জন চৌকশ সেনা অফিসার ও অনেক পরিবার হত্যার মাধ্যমে তার যাত্রা শুরু হলে জনমনে অনেক প্রশ্নের সৃষ্টি হয়।

এরপর থেকেই তার সরকারের ব্যর্থতা, দলীয়করণ ও অন্যান্য কার্যকলাপ নিয়ে মানুষের মধ্যে অবিশ্বাসের সৃষ্টি হয়। এগুলির মধ্যে উল্লেখযোগ্য, প্রশাসন সহ সর্বত্র দুর্নীতি করে হাজার কোটি টাকার মালিক হয়ে যাওয়া, শেয়ার বাজার, ব্যাংক লোপাট করে বিদেশে টাকা পাচার করে দেশের মেরুদণ্ড ভেঙে ফেলা, স্বজনপ্রীতি, গুম, খুন, হামলা, মামলা, বাক-ব্যক্তি ও সংবাদপত্রের অধিকার হরণ, বিরোধী দলকে বাইরে রেখে একতরফা ভাবে দিনের ভোট রাতে সম্পন্ন করার নাটকের মাধ্যমে গনতন্ত্র হরণ, ডিজিটাল নিরাপত্তা আইন, সাইবার সিকিউরিটি আইন সহ বিভিন্ন কালাকানুন প্রনয়ণ, দ্রব্যমূল্যের উর্ধগতির কারণে দেশের মানুষের সীমাহীন কষ্ট প্রভৃতি। পাশাপাশি সমাজের অসৎ মানুষের জন্য ছিল অর্থ বৈভবের মালিক হওয়ার বিস্তর সুযোগ। যে কারণে শেখ হাসিনা সরকারের আমলে পদ্মাসেতু, মেট্রোরেল, এলিভেটর এক্সপ্রেসওয়ে, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র সহ অনেক উন্নয়ন দেশে দৃশ্যমান হলেও উপরে উল্লেখিত কারণে সরকারের সব অর্জন ম্লান হয়ে যায়। জনগণের মনে চাপা আগুন দাউদাউ করছিলো। বিরোধী দল বিভিন্ন সময়ে আন্দোলন গড়ে তোলার চেষ্টা করলে সীমাহীন অত্যাচার নির্যাতনের শিকার হয়। দেশটাকে পুলিশি রাষ্ট্র বানিয়ে জনগণের বুকের উপর জগদ্দল পাথরের মতো বসে ছিলেন তিনি। শুধু তাই নয়, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ অংশ বিচার বিভাগ, আইন ও শাসন বিভাগকে দলীয়করণের মাধ্যমে ফ্যাসিবাদের চূড়ান্ত চেহারায় তিনি আবির্ভূত হয়েছিলেন।



১৯৯০ সালের সামরিক শাসক এরশাদের বিরুদ্ধে সফল গণঅভ্যুত্থানের পর থেকে যারাই ক্ষমতায় এসেছেন তারাই সুকৌশলে ছাত্রদের রাজনীতি বিমুখ করে ডাকসু নির্বাচন সহ সারা দেশের ছাত্র সংসদ নির্বাচন বন্ধ রেখে একচেটিয়া কখনও ছাত্র দল অথবা ছাত্রলীগের দৌরাত্ম্য প্রতিষ্ঠা করেছেন। ছাত্ররা শিক্ষা, সাংস্কৃতিক চর্চা, খেলাধুলা সহ মেধা বিকাশের মননশীল তৎপরতা থেকে বঞ্চিত ছিলো। কিন্তু কোন বাধাই তারুণ্যের বিদ্রোহকে বাধাগ্রস্ত করতে পারে নাই। আবু সাইদ, মুগ্ধ সহ সারা দেশে প্রায় চার শতাধিক ছাত্র জনতার আত্মাহুতির মাধ্যমে এই গণঅভ্যুত্থান এবং লৌহ মানব শেখ হাসিনা ও শেখ রেহেনার ভারতে পালিয়ে যাওয়া তারই প্রমাণ। ছাত্রদের ছোট্ট ইস্যু ভিত্তিতে কোটা সংস্কার আন্দোলনকেই মূখ্য হিসাবে ধরে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয় কমিটির নেতৃত্ব যে ইতিহাস রচনা করেছে সে জন্য সমগ্র জাতি তাদের প্রশংসা ও অভিনন্দন জানাচ্ছে। দীর্ঘ সংগ্রাম ও আন্দোলন করে রাজনৈতিক দল যা করতে পারেনি, মাত্র তিন সপ্তাহের লাগাতার আন্দোলনে সরকার পতন ঘটিয়ে ছাত্ররা তা দেখিয়ে দিল। যা ছিল মানুষের পুঞ্জীভূত ক্ষোভের বহিঃপ্রকাশ। ছাত্রদের সংগ্রামের কৌশল থেকে রাজনৈতিক দল ও নেতাদের অনেক কিছু শেখার আছে। আশা করি তারা ভবিষ্যতের জন্য অনুধাবন করতে পারবেন। আওয়ামী সরকারের পদত্যাগের মাধ্যমে দুঃশাসনের প্রথম পর্বের সমাপ্তি হলো। কিন্তু দেশের মানুষের মনে প্রশ্ন, সংগ্রাম গণ অভ্যুত্থানের মাধ্যমে এ দেশে এরশাদ, খালেদা জিয়ার সরকারের পদত্যাগের ইতিহাস আছে। কিন্তু কেউ দেশ ছেড়ে পালিয়ে যাননি। দুঃখজনক হলেও সত্য যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের কন্যা বারবার ক্ষমতায় থাকা প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতি পদত্যাগ করে আমাদের দেশের রাজনীতি ও জনগণের কাছে বহুভাবে বিতর্কিত পার্শ্ববর্তী দেশে গিয়ে আশ্রয় নিলেন। আমেরিকা তার ভিসা বাতিল করেছে, ইংল্যান্ডে যাওয়ার অনুমতি পাননি। পৃথিবীর এই দেশ গুলোতে অনুরোধ করেও শরণার্থী হিসাবে জায়গা না পাওয়ায় আমরা জাতি হিসেবে লজ্জিত। দেশে থাকলে এমন কি হতো? বঙ্গবন্ধু ও সপরিবারে জীবন দেওয়ার কারণেই তিনি অমর। দেশের স্বাধীনতা অর্জনে বাঙালি জাতির নেতা হিসেবে বঙ্গবন্ধু চিরকাল পূজনীয়। তার ত্যাগের কারণেই আওয়ামী লীগ ক্ষমতায় গেছে এবং রাজনীতি করেছে। কিন্তু শেখের বেটি হয়ে নিজের দল ও জাতিকে অরক্ষিত রেখে এভাবে পালিয়ে গিয়ে তিনি কি অর্জন করলেন?

আজ চার দিন। দেশে কোন সরকার নেই। আইন শৃঙ্খলার মূল দায়িত্বে থাকা পুলিশ বাহিনী নিরাপত্তার অজুহাতে কর্মবিরতি অর্থাৎ ধর্মঘট পালন এরপর ৩৮ পৃষ্ঠায়

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০


সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# অভিনন্দন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের
'অন্তর্বর্তীকালীন উপদেষ্টা মন্ডলী
এবং প্রধান উপদেষ্টা

## 'ড. মুহাম্মদ ইউনূস'

আপনাদের 'পুননির্মাণ বাংলাদেশের'
অগ্রযাত্রায় আমরাও অংশীদার।

আপনাদের হাত ধরেই
শোষণমুক্ত বাংলাদেশের
অভিযাত্রা সূচনা হবে বলে
আমরা আশা করি



## শাহ্ নেওয়াজ

প্রেসিডেন্ট শাহ্ নেওয়াজ গ্রুপ
প্রকাশক ও সম্পাদক, আজকাল নিউজ
প্রেসিডেন্ট ও সিইও, গোল্ডেন এজ হোমকেয়ার
প্রেসিডেন্ট ও সিইও, এন ওয়াই ইন্সুরেন্স


LIONS
INTERNATIONAL
নিউইয়র্ক বাংলাদেশী
আমেরিকান লায়ন্স ক্লাবের
প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায়
উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা
Team 2024-2025
New York Bangladeshi American Lions Club
নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব

**Charles B. Wang
Community Health Center**

**প্রেস রিলিজ**
**অবিলম্বে মুক্তির জন্য**
জুন, 26, 2024

**যোগাযোগ:** Maggie Wong
**মার্কেটিং ও কমিউনিটি রিলেশনের পরিচালক**
929-362-3018
mwong@cbwchc.org

## কমিউনিটি হেলথ সেন্টার বাংলাভাষী চিকিৎসা প্রদানকারী নিয়োগ করে নিউইয়র্কের বাংলাভাষী সম্প্রদায়ের জন্য পুরস্কারপ্রাপ্ত পরিষেবা নিয়ে আসছে

নিউইয়র্ক, [NY, জুন.26, 2024]- চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (CBWCHC) লোয়ার ম্যানহাটন এবং ফ্লাশিং-কুইন্সের ছয়টি স্থানে, ইন্টারনাল মেডিসিন, শিশুরোগ, প্রসূতি/ স্ত্রীরোগ, দন্ত এবং মানসিক স্বাস্থ্য পরিষেবায় নিউইয়র্কের বাংলাভাষী সম্প্রদায়ের স্বাস্থ্যসেবা চাহিদা পূরণের জন্য তাদের পরিধি প্রসারিত করছে ।

সুবিধাবঞ্চিত এশিয়ান আমিরিকানদের সফলভাবে যত্ন নেওয়ার ঐতিহ্যের উপর ভিত্তি করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সম্প্রতি বাংলাভাষী স্বাস্থ্যসেবা পেশাদারদের সানন্দে স্বাগত জানিয়েছে, যা বিভিন্ন কমিউনিটির সেবায় এই সংস্থার আন্তরিকতার প্রতিফলন ঘটায়।

চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টারের সিইও কৌশল চালা বলেন, "এশিয়ান আমেরিকান সম্প্রদায় কার্যকরীভাবে নিউইয়র্কের মতোই বৈচিত্র্যময়। "রোগীর অভিবাসন ইতিহাস, তারা যে ভাষায় কথা বলে বা তাদের আর্থিক সক্ষমতা নির্বিশেষে নিখুঁত সর্বোচ্চ মানের পরিচর্যা প্রদানের জন্য আমরা গর্বিত।"

স্বাস্থ্যসেবায় ভাষা ও সাংস্কৃতিক আদান প্রদানের গুরুত্ব অনুধাবন করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার ইংরেজি, বাংলা ও হিন্দিতে দক্ষ বাংলাদেশে জন্মকৃত শিশু বিশেষজ্ঞ ডাঃ মাহবুব চৌধুরীর মতো পেশাজীবীকে সানন্দে দলে আন্তর্ভূক্ত করেছে।

২০২৩ সালে হেলথ সেন্টার যোগদানকারী ডঃ চৌধুরী বলেন, " এমন একজন ডাক্তার থাকা সবসময়ই সহায়ক যিনি আপনার ভাষায় কথা বলেন এবং বুঝতে পারেন যে আপনি কোথা থেকে এসেছেন। " আমার এবং আমার সহকর্মীদের জন্য আমাদের রোগীদের সাথে সংযোগ স্থাপন করা গুরুত্বপূর্ণ যাতে তারা জানেন যে আমরা এখানে তাদের এবং তাদের পরিবারের জন্য চমৎকার পরিচর্যা নিশ্চিত করার জন্য উপস্থিত রয়েছি।"

চালা বলেন, বিভিন্ন সম্প্রদায়ের সেবা করার অংশ মানে সেই সম্প্রদায়ের সুনির্দিষ্ট চাহিদা পূরণের জন্য পরিচর্যা গড়ে তোলা। সেই মূল লক্ষ্যকে প্রতিফলিত করে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার ছিল নিউইয়র্ক রাজ্যের একমাত্র স্বাস্থ্য কেন্দ্র এবং যুক্তরাষ্ট্রে মাত্র ছয়টির মধ্যে একটি স্বাস্থ্য কেন্দ্র, যেটি ডায়াবেটিস স্বাস্থ্যের জন্য ন্যাশনাল কোয়ালিটি লিডার হিসেবে, ফেডারেল হেলথ রিসোর্স অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (HRSA) থেকে সোনার পদমর্যদা অর্জন করেছিল।

"আমাদের স্বাস্থ্য প্রদানকারী এবং কেয়ার টিমগুলি রোগীদের ক্ষমতায়নে কতটা নিবেদিত এই স্বীকৃতি তা তুলে ধরে" বলেন চালা। "চলার পথে প্রতিটি পদক্ষেপে আমরা রোগীদের সাথে আছি এবং তাদের ঔষুধ এর সংমিশ্রন এবং স্বাস্থ্যকর জীবনযাত্রার সমন্বয় বজাই রাখতে সহায়তা করে চলেছি।"

চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার বাংলাভাষীদের সাক্ষাৎকারের সময়সূচী নিতে এবং স্বাস্থ্য কেন্দ্রের পরিষেবা সম্পর্কে আরও তথ্য জানার সুবিধার জন্য একটি বাংলা এবং ইংরেজি ভাষার ফোন লাইন চালু করেছে, ৭১৮-৫৮৭-১১২১। এছাড়াও সম্প্রদায়ের সদস্যরা, সুনির্দিষ্টভাবে বাংলাভাষী চিকিৎসকদের জন্য স্বাস্থ্য কেন্দ্রের ওয়েবসাইটে www.cbwchc.org. অনুসন্ধান করতে পারবেন।

### চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সম্পর্কে


৫০ বছরেরও বেশি সময় ধরে চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার (CBWCHC) এশিয়ান আমেরিকানদের উপর মূল দৃষ্টি রেখে, ম্যানহাটন এবং কুইন্সের সুবিধাবঞ্চিত কমিউনিটির কাছে উচ্চমানের, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা প্রদানের জন্য নিবেদিত একটি নেতৃস্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারী। চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার সপ্তাহে সাত দিনই খোলা থাকে এবং বেশিরভাগ বড় বড় স্বাস্থ্য বীমা সংস্থার পরিকল্পনাসমূহ গ্রহণ করে এবং ম্যানহাটন ও কুইন্সের ছয়টি স্থানেই শিশু এবং প্রাপ্তবয়স্কদের সার্বিক প্রাথমিক পরিষেবা প্রদান করে। অর্থিক সক্ষমতা, ভাষা কথ্য বা অভিবাসনের ইতিহাস নির্বিশেষে, চার্লস বি ওয়াং কমিউনিটি হেলথ সেন্টার শ্রেষ্ঠত্বের উত্তরাধিকার সবার জন্য স্বাস্থ্য সেবার ন্যায়সঙ্গত অভিগমন নিশ্চিত করার অঙ্গিকারের সাথে জাতীয়ভাবে স্বীকৃত। আরও তথ্যের জন্য www.cbwchc.org. দেখুন।



Mitali Saha, D.D.S.
Dental Care



Mahbub Chowdhury, M.D.
Pediatrics




Navneet Kathuria, M.D.
Internal Medicine



Reshmi Gordhan, F.N.P.
Mental Health

**Charles B. Wang
Community Health Center**

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




**প্যাকেজ বিবরণ**
বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

DELTA AIR LINES
American Airlines
Biman Bangladesh Airlines
Kuwait Airways
Etihad Airways
Emirates
Qatar Airways

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি



Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামুলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

NY INSURANCE
BROKEAGE INC.
NY I — NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


NABANNO
حلال
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
• আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
• পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
• আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
• সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
OUR SERVICES
TLC INSURANCE
TLC Base (Black & Green Cab)
TLC Car & Plate Rent
DMV & TLC Service
Auto, Home & Business Ins.
Arif Shahriar
President & CEO
41-05 69th Street, Woodside, NY 11377
718-567-5600
info@libertybkg.com
www.libertybkg.com



# মুসলিম মনীষীদের সময়ানুবর্তিতা

তালহা হাসান



সময় জীবনের অমূল্য সম্পদ। মানুষের জীবনের প্রতিটি মুহূর্ত মূল্যবান। এর যথার্থ ব্যবহারের মধ্যে সাফল্য নিহিত। আল্লাহ মানুষকে অগণিত নিয়ামতের মধ্যে সময় সবচেয়ে দামি।

তাই পবিত্র কোরআনে রাত-দিন ও চাঁদ-সূর্যের কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। ইরশাদ হয়েছে, 'তিনি তোমাদের কল্যাণে সূর্য ও চাঁদকে নিয়োজিত করেছেন, যা অবিরাম একই নিয়মের অনুসারী, তোমাদের কল্যাণে রাত ও দিনকে নিয়োজিত করেছেন। তিনি তোমাদের দিয়েছেন তোমরা যা তার কাছে চেয়েছ, তোমরা আল্লাহর অনুগ্রহ গণনা করলে তা নির্ণয় করতে পারবে  না, মানুষ খুবই জালিম ও অকৃতজ্ঞ।' *(সুরা ইবরাহিম, আয়াত : ৩৩-৩৪)*

সময়ের ব্যাপারে উদাসীনতা নয়


মানুষ সময়ের গুরুত্ব উপলব্ধি করে না। কাজকর্মে নিষ্ক্রিয় ও অলস হয়ে পড়ে। সুস্থ ও অবসর সময়ের ব্যাপারে উদাসীন থাকে। ফলে অসুস্থ বা ব্যস্ত হয়ে পড়লে তার কাছে সময়ের প্রকৃত মূল্য উপলব্ধি হয়। হাদিসের তাষ্যমতে, খুবই অল্পসংখ্যক মানুষ এই দুই সময়ের সদ্ব্যবহার করতে পারে। ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) ইরশাদ করেছেন, দুটি নিয়ামত এমন রয়েছে যে ব্যাপারে অধিকাংশ প্রতারিত হয়। তা হলো সুস্থতা ও অবসর সময়।' *(বুখারি, হাদিস : ৬৪১২)*। সময়ের ব্যাপার উদাসীনতা আত্মঘাতী। আল্লামা ইবনুল কাইয়িম (রহ.) বলেছেন, 'সময়ের ব্যাপারে ছাড়ের প্রবণতা আত্মঘাতী। কারণ সময় অতি দ্রুত অতিবাহিত হয়। কারো জন্য অপেক্ষা করে না। আর ফিরে আসে না।' *(মাদারিজুস সালিকিন, পৃষ্ঠা : ৪৯)*। হাসান  বসরি (রহ.) বলেছেন, 'হে আদমসন্তান, তুমি তো দিনের সমষ্টি। এক দিন চলে যাওয়ার অর্থ তোমার কিছু চলে যাওয়া।' তিনি আরো বলেছেন, 'আমি এমন একদল লোক পেয়েছি, যারা সময়ের প্রতি এত বেশি গুরুত্ব দিত, যা দিরহাম ও দিনারের প্রতি তোমাদের আগ্রহের চেয়ে বেশি ছিল।' *(কিমাতুজ জামান, পৃষ্ঠা : ২৭)*।

মুমূর্ষু অবস্থায় আলোচনা

ইমাম আবু হানিফা (রহ.)-এর মজলিসে ইমাম আবু ইউসুফ (রহ.) দীর্ঘ ১৭ বছর বসেছিলেন। আবু ইউসুফ (রহ.) সময়ের প্রতি এত বেশি সচেতন ছিলেন যে এই দীর্ঘ সময়ে তিনি কখনো অসুস্থতা ছাড়া শিক্ষকের মজলিসে বসা বাদ দেননি। ইমাম আবু ইউসুফ (রহ.) তিনজন আব্বাসী খলিফার সময়ে প্রধান বিচারকের দায়িত্ব পালন করেন। তিনি তাঁর ছাত্রদের নিয়ে বিভিন্ন সময় ফিকহি আলোচনা করতেন। এমনকি মৃত্যুশয্যায়ও তিনি আলোচনা করেছিলেন। জীবনের অন্তিম মুহূর্তে তিনি তাঁর ছাত্র কাজি ইবরাহিম বিন আল-জাররাহর সঙ্গে বিভিন্ন মাসআলা নিয়ে কথা বলেন। মুহাম্মদ বিন কুদামা (রহ.) বর্ণনা করেছেন, ইমাম আবু ইউসুফ (রহ.)-এর এক সন্তান মারা যায়। তিনি সন্তানের কাফন ও দাফন কার্যক্রমে অংশ নিতে পারেননি। যেন আবু হানিফা (রহ.)-এর কোনো দরস হারিয়ে না যায়। তাঁর আত্মীয়স্বজন ও প্রতিবেশীরা তার সন্তানকে দাফন করে। *(মানাকিবু আবি হানিফা, পৃষ্ঠা : ৪৭২)*।

রাত জেগে ইলমচর্চায় সময় ব্যয়

ইমাম মুহাম্মদ বিন আল-হাসান আল-শাইবানি (রহ.) ছিলেন ইমাম আবু হানিফা (রহ.)-এর আরেক ছাত্র। ইমাম মুহাম্মদ (রহ.) ইলমচর্চায় অত্যন্ত নিবেদিতপ্রাণ ছিলেন। সময়ের সর্বোচ্চ সদ্ব্যবহার করতেন তিনি। বর্ণিত আছে, তিনিও সব সময় ইলমচর্চায় ব্যস্ত থাকতেন। এমনকি রাতেও ঘুমাতেন ↘ এরপর ৩৮ পৃষ্ঠায়



# মুসলিম নারীদের প্রতিষ্ঠিত ঐতিহাসিক শিক্ষালয়

মো. আবদুল মজিদ মোল্লা


পৃথিবীর প্রাচীন সভ্যতাগুলোর ইতিহাস বিশ্লেষণ করলে তার শিক্ষা কার্যক্রমে নারীদের ভূমিকা ও অবদানের উল্লেখযোগ্য কোনো বিবরণ পাওয়া যায় না। বিশেষ করে বিদ্যালয় প্রতিষ্ঠা, পরিচালনা ও সেখানে পাঠদানের মাধ্যমে জ্ঞানের বিস্তৃতিতে নারীর ভূমিকা খুবই গৌণ। ইসলামী সভ্যতা এ ক্ষেত্রে ব্যতিক্রম। ইসলামী সভ্যতার সূচনা থেকে আজ পর্যন্ত জ্ঞানের জগতে নারীর বিচরণ ছিল অবাধ। মহানবী (সা.)-এর পবিত্র স্ত্রী আয়েশা (রা.) ছিলেন এ ধারার সফল ব্যক্তিত্ব। মহানবী (সা.)-এর ইন্তেকালের পর যিনি ইসলামী জ্ঞান-বিজ্ঞানের চর্চাকেই জীবনের ব্রত হিসেবে গ্রহণ করেন এবং নিজের ঘরকে বিদ্যাপীঠে রূপান্তরিত করেন। আয়েশা (রা.)-এর পর অসংখ্য মুসলিম নারী জ্ঞানের সেবায় নিজেদের নিয়োজিত করেন। তবে সুদীর্ঘকাল পর্যন্ত তাদের শিক্ষা কার্যক্রম ছিল ব্যক্তিকেন্দ্রিক।

কেননা মুসলিম বিশ্বের শিক্ষা কার্যক্রম স্বতন্ত্র প্রাতিষ্ঠানিক কাঠামো লাভ করতে পেরিয়ে যায় প্রায় সাড়ে চার শ বছর।

৪৫৯ হিজরিতে ইসলামের ইতিহাসে একটি তাৎপর্যপূর্ণ বছর মনে করা হয়। কেননা এ বছর সেলজুক প্রধানমন্ত্রী নিজামুল মুলক তুসি (রহ.)-এর মাধ্যমে মাদরাসা শিক্ষা সুসংহত ও প্রাতিষ্ঠানিক কাঠামো লাভ করে, যা অল্পদিনেই মুসলিম বিশ্বে জনপ্রিয়তা লাভ করে এবং বহু শাসক ও ধনাঢ্য ব্যক্তি স্বতন্ত্র মাদরাসা প্রতিষ্ঠায় এগিয়ে আসেন। পুরুষের পাশাপাশি মুসলিম নারীরাও মাদরাসা প্রতিষ্ঠায় এগিয়ে আসেন। শিক্ষা, সংস্কৃতি ও বিজ্ঞানে নারীরা অবদান রাখতে সক্ষম হয়েছিল তাদের শক্তিশালী রাজনৈতিক ও সামাজিক অবস্থানের কারণে। ব্রিটিশ ঐতিহাসিক অ্যাগনেস মুরিয়েল ক্লে বলেন, 'মুসলিম নারীরা পুরুষদের জাতীয় রাজনীতি, ক্ষমতাচর্চা, গঠনমূলক কাজ ও জীবনের নানা ক্ষেত্রে অনুপ্রাণিত করত।'

দামেস্কে নারীদের ১৯ মাদরাসা

দামেস্ক ছিল ইসলামের ইতিহাসে প্রথম জৌলুসপূর্ণ ও আলোকদীপ্ত শহর। ক্ষমতা, জ্ঞান-বিজ্ঞান, শিল্প-সাহিত্য, সংস্কৃতি ও আধ্যাত্মিকতা সবদিক থেকেই তা ছিল মানুষের আগ্রহের কেন্দ্রবিন্দু। দামেস্কে বহু নারী পণ্ডিত, ফকিহ, হাদিসবিশারদ ও কবির আগমন ঘটে। নারীরা এখানে একাধিক মাদরাসাও প্রতিষ্ঠা করেন। শুধু ৫২৬ থেকে ৬৬০ খ্রিস্টাব্দের মধ্যে নারীরা সেখানে ১৯টি মাদরাসা প্রতিষ্ঠা করেন। যেমন ১. মাদরাসাতুল খাতুনিয়্যা বারানিয়্যা, ২. মাদরাসাতুল খাতুনিয়্যা জাওয়ানিয়্যা, ৩. মাদরাসাতুল কুতবিয়্যা, ৪. মাদরাসাতুশ শামিয়্যা বারানিয়্যা, ৫. আল মাদরাসাতুল আজরাবিয়্যা, ৬. আল মাদরাসাতুল মারিদিনিয়্যা, ৭. আল মাদরাসাতুল ফররুখ শাহিয়্যা, ৮. আল মাদরাসাতুশ শামিয়্যা আল জাওয়ানিয়্যা, ৯. মাদরাসাতুস সাহিবাহ, ১০. আল মাদরাসাতুল মাইতুরিয়্যা, ১১. আল মাদরাসাতুল কামিলিয়্যা, ১২. আল মাদরাসাতুদ দিমাগিয়্যা, ১৩. আল মাদরাসাতুল আতাবিকিয়্যা, ১৪. মাদরাসাতুল আলিমা, ১৫. আল মাদরাসাতুল হাফিজিয়্যা, ১৬. আল মাদরাসাতুল মুরশিদিয়্যা, ১৭. আল মাদরাসাতুল আদিলিয়্যা আস-সুগরা, ১৮. আল মাদরাসাতুশ শোমানিয়্যা, ১৯. আল মাদরাসাতুল জামালিয়্যা। এ ছাড়া নারীরা খানকা, আশ্রয়কেন্দ্র, আশ্রম ইত্যাদি প্রতিষ্ঠা করেন। ↘ এরপর ৩৮ পৃষ্ঠায়



# পাপের ভয়াবহ পরিণাম

মাহমুদ আহমদ

অন্যায়কারী

সব ধরনের অন্যায় কর্ম যেন পাল্লা দিয়ে বৃদ্ধি পাচ্ছে। অথচ মহান আল্লাহ রাব্বুল আলামিন তার শ্রেষ্ঠ সৃষ্টির কাছে এ প্রত্যাশাই করেন, তার বান্দারা যেন সব ধরনের অন্যায় ও পাপ থেকে মুক্ত থাকে।

তারা যেন কারও সঙ্গে জুলুম না করে এবং তার দ্বারা যেন কোনো ধরনের মন্দকর্ম সংঘটিত না হয়। সে যেন নিজেকে এমনভাবে গড়ে তোলে, যাতে করে তার কথা ও কাজ দ্বারা সৃষ্টির কেউ যেন কোনো ধরনের কষ্ট না পায়। আমি যদি নিজেকে একজন আল্লাহপ্রেমিক হিসাবে গড়ে তুলতে চাই তাহলে অবশ্যই আমাকে আল্লাহর নির্দেশ অনুযায়ী জীবনযাপন করতে হবে।

আমি যে ধর্মের অনুসারীই হই না কেন, আমি যদি আমার ধর্মের মূল শিক্ষা মেনে জীবন পরিচালনা করি তাহলে আমার দ্বারা কোনো অন্যায় কাজ সংঘটিত হতেই পারে না।

অন্যায়ভাবে মানুষের ওপর যারা জুলুম করে তাদের সম্পর্কে আল্লাহতায়ালা সতর্ক করেছেন। পবিত্র কুরআনে আল্লাহতায়ালা বলেন, 'কিন্তু তাদের অভ্যন্তরে বিভিন্ন দল মতভেদ করে। অতএব, ওই ↘ এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি — Prayer Times For New York City — আগষ্ট-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১০ | ৪:৩৭ | ৬:০২ | ০১:০১ | ৪:৫৩ | ৮:০০ | ০৯:২৫ |
| ১১ | ৪:৩৮ | ৬:০৩ | ০১:০১ | ৪:৫২ | ৭:৫৯ | ০৯:২৩ |
| ১২ | ৪:৩৯ | ৬:০৪ | ০১:০১ | ৪:৫১ | ৭:৫৭ | ০৯:২২ |
| ১৩ | ৪:৪১ | ৬:০৫ | ০১:০১ | ৪:৫১ | ৭:৫৬ | ০৯:২০ |
| ১৪ | ৪:৪২ | ৬:০৬ | ০১:০১ | ৪:৫০ | ৭:৫৫ | ০৯:১৮ |
| ১৫ | ৪:৪৩ | ৬:০৭ | ০১:০০ | ৪:৫০ | ৭:৫৩ | ০৯:১৭ |
| ১৬ | ৪:৪৫ | ৬:০৮ | ০১:০০ | ৪:৪৯ | ৭:৫২ | ০৯:১৫ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

প্রবন্ধ



# কবিতা নিয়ে যত বিতর্ক




## কাজী জহিরুল ইসলাম

কবি কি হওয়া যায়? কেউ কি কাউকে কবিতা লেখা শেখাতে পারেন? এই জাতীয় আলোচনা, মাঝে-মধ্যে বিতর্ক এবং হঠাৎ তুমুল কুতর্ক চায়ের টেবিলে, ফেইসবুক লাইভে, আয়োজিত অনুষ্ঠানে কিংবা সোশ্যাল মিডিয়ার স্ট্যাটাসে প্রায়শই চোখে পড়ে। আবার একদল আছেন, তারা বলেন, কোনটা কবিতা আর কোনটা কবিতা না, মহাকাল ঠিক করবে, এই বিষয়ে আপনি কথা বলার কে? তারা এও বলেন, বড়ু চণ্ডীদাস, মাইকেল মধুসূদন দত্ত, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, জসীম উদদীনকে কবিতা লেখা কে শিখিয়েছে?

আজ এইসব বিষয় নিয়ে আমার মত করে কিছুটা আলোকপাত করবো। বড়ু চণ্ডীদাসদের সময়ে কবিতা লেখা শেখার প্রাতিষ্ঠানিক স্কুল হয়ত ছিল না কিন্তু গুরু নিশ্চয়ই ছিল। মধুসূদন তো বিলেতে, ফ্রান্সে গিয়ে ইউরোপীয় সাহিত্য পড়েই শিখে এসেছেন। রবীন্দ্রনাথও পারিবারিকভাবে সাহিত্য রচনার শিক্ষা পেয়েছিলেন। জসীম উদদীন কলকাতা বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত বিষয়ে ডিগ্রি লাভ করেন এবং পরবর্তীতে ড. দীনেশ চন্দ্র সেনের অধীনে লোকজ সাহিত্য নিয়ে কাজ করেন। ব্যতিক্রম একমাত্র কাজী নজরুল ইসলাম। তিনি ছিলেন প্রকৃত অর্থেই একজন স্বশিক্ষিত সাহিত্যিক। তবে সাহিত্যিক বা কবি হয়ে উঠতে উঠতে তিনি ব্যাপক পড়াশোনা করেন এবং এর মধ্য দিয়ে সাহিত্যের সকল শাখার ব্যাকরণ-প্রকরণ আয়ত্ব করে ফেলেন।

যে কয়জনের নাম এখানে উল্লেখ করলাম তারা সকলেই ছিলেন খুব বড়ো মাপের সাহিত্য প্রতিভা। তাদের সমকালে নিশ্চয়ই আরো কয়েক'শ মধ্য মাপের বা ছোটো মাপের লেখক-সাহিত্যিক ছিলেন, যারা নিক্ষিপ্ত হয়ে গেছেন, যাদের নাম আমরা কেউ জানি না। যদি সাহিত্যকর্ম শেখানোর প্রাতিষ্ঠানিক শিক্ষার ব্যবস্থা মধ্যযুগে থাকত তাহলে মধ্য বা ছোটো মাপের প্রতিভাদের কেউ কেউ হয়ত লেখক হিসেবে দাঁড়িয়ে যেতেন। বড়ো প্রতিভা যারা তাদের প্রাতিষ্ঠানিক শিক্ষার দরকার হয় না, নিজেরাই লিখতে লিখতে ভালো লেখার বৈশিষ্ট্যগুলো আয়ত্ব করে ফেলেন এবং ক্রমশ তারা নিজেরাই প্রতিষ্ঠান হয়ে ওঠেন। কিন্তু যারা লেখক হতে চান অথচ তেমন বড়ো মাপের প্রতিভা নন, তাদের জন্য সাহিত্য রচনা বা কবিতা লেখা শেখার দরকার আছে। না শিখে তারা বেশি দূর এগুতে পারবেন না।



এখন কথা হচ্ছে কবিতা লেখা কি শেখানো যায়? কেউ কবিতা লেখা বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করলে কি একজন বড়ো কবি হতে পারবেন? আমাদের দেশে বাংলা সাহিত্য এবং ইংরেজি সাহিত্য এই দুটি বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করা যায়। যারা এসব বিষয়ে পড়াশোনা করেন তারা সামগ্রিক সাহিত্যকর্ম সম্পর্কে জ্ঞানার্জন করেন। আমেরিকায় আরো সুনির্দিষ্ট করে শুধুমাত্র কবিতা লেখা বিষয়ে উচ্চতম ডিগ্রি অর্জনের সুযোগ রয়েছে। আমার যে কয়জন আমেরিকান কবি-বন্ধু আছেন তারা সকলেই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সৃজনশীল রচনা বা কবিতার অধ্যাপক এবং এক সময় এই বিষয়েরই ছাত্র ছিলেন।

একজনের কথা বলি, তার নাম নেরি জো বাং, তিনি ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের কবিতার অধ্যাপক, একজন স্বনামধন্য মার্কিন কবি। আমি তার সাক্ষাৎকার নিয়েছি, তার কবিতা অনুবাদ করেছি। তিনি প্রথম জীবনে ফটোগ্রাফির ওপর পড়াশোনা করেছেন, বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি নেবার পরে এই বিষয়ে পেশায়ও আত্মনিয়োগ করেন। ১০ বছর পরে তার মনে হলো, 'আমার মন অন্য কিছু চায়'। সেই অন্য কিছুর নাম কবিতা। তিনি কবিতা লিখতে শুরু করেন। আমেরিকার বিভিন্ন পত্রিকায়, ম্যাগাজিনে কবিতা পাঠাতে শুরু করেন, প্রকাশকদের কাছে পাণ্ডুলিপি পাঠান কিন্তু কেউ তার লেখা প্রকাশ করে না। একদিন তার মনে হলো তাহলে বোধ হয় আমার লেখাগুলো হয়ে উঠছে না। তিনি কবিতা লেখা শেখার জন্য কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ফাইন আর্টস বিভাগে ভর্তি হন। মূল বিষয় হিসেবে নেন, কবিতা। তিনি আমাকে বলেন, 'এই ডিগ্রিটা না করলে আমি জানতেই পারতাম না আমার কবিতাগুলো কেন কবিতা হয়ে উঠছিল না'। এখন নিউইয়র্ক টাইমস, নিউ ইয়র্কারসহ আমেরিকার সব বড়ো বড়ো কাগজে তার কবিতা ছাপা হয়।

